## RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2019**
**FIRST YEAR (BATCH 2019-22)**
**BENGALI (LANGUAGE)**

Date : 09/12/2019
Time : 12 noon – 2 pm
Paper : I
Full Marks : 50

১। ''বালিকা রতন আর বালিকা রহিল না।'' — এই উক্তির আলোকে রতন চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

**অথবা** (১০)

'প্রকৃতি থেকে বিচ্ছেদ, ফলে আত্মিক মৃত্যু, কায়িক মৃত্যু।'' — মন্তব্যটি বিশ্লেষণ করে এই মন্তব্যের তাৎপর্য কত গভীর সেদিকে দৃষ্টিপাত করো।

২। রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্বাস করতেন জাতিপ্রেমের নাম করে য়ুরোপীয় শক্তি নিরন্তর মৃত্যুর সন্ধানে চলেছে। এই বিশ্বাস 'স্বার্থের সমাপ্তি অপঘাতে' কবিতায় কীভাবে ব্যক্ত হয়েছে, তা আলোচনা করো। (১০)

**অথবা**

'চিত্ত যেথা ভয়শূন্য' কবিতার কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

৩। ''আমাদের উচিত যে, স্বহস্তে উন্নতির দ্বার উন্মুক্ত করি। এক স্থলে আমি বলিয়াছি, ''ভরসা কেবল পতিতপাবন'', কিন্তু ইহাও স্মরণ রাখা উচিত যে, ঊর্ধ্বে হস্ত উত্তোলন না করিলে পতিতপাবনও হাত ধরিয়া তুলিবেন না। ঈশ্বর তাহাকেই সাহায্য করেন, যে নিজে নিজের সাহায্য করে (God helps those that helps themselves) । তাই বলি আমাদের অবস্থা আমরা চিন্তা না করিলে আর কেহ আমাদের জন্য ভাবিবে না। ভাবিলেও তাহাতে আমাদের ষোলো আনা উপকার হইবে না।''

উদ্ধৃত অংশটি পাঠ করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

ক) 'স্বহস্তে উন্নতির দ্বার উন্মুক্ত' করার প্রয়োজন কোথায়? (২)

খ) 'ভরসা কেবল পতিতপাবন'— একথা বলার কারণ কী? (৩)

গ) কারা কেন 'স্ত্রীশিক্ষাকে নমস্কার' বলেন? (৫)

**অথবা**

'' ও ভাষার যেমন জোর, যেমন অল্পের মধ্যে অনেক, যেমন যে-দিকে ফেরাও সে-দিকে ফেরে, তেমন কোনো তৈরি ভাষা কোনো কালে হবে না। ভাষাকে করতে হবে— যেমন সাফ্ ইস্পাত মুচড়ে মুচড়ে যা ইচ্ছে করো — আবার যে-কে-সেই, এক চোটে পাথর কেটে দেয়, দাঁত পড়ে না। আমাদের ভাষা — সংস্কৃতর গদাই-লস্করি চাল — ঐ এক চাল নকল করে অস্বাভাবিক হয়ে যাচ্ছে। ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায়।''

উদ্ধৃত অংশটি পাঠ করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

ক) 'তৈরি ভাষা' বলতে লেখক কী বুঝিয়েছেন? (২)

খ) লেখক সাহিত্যের ভাষা প্রসঙ্গে 'সাফ্ ইস্পাত'–এর প্রসঙ্গ এনেছেন কেন? (৩)

গ) ''ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায়'' একথা বলার কারণ কী? (৫)

৪। **<u>যে-কোনো দশটি</u>** পরিভাষার সঠিক অর্থ লেখো। (১০)

Aesthetics, Autonomous, Chief Whip, Cut motion, Dehydration, Duet, Horticulture, Interlingua, Mysticism, Quack, Surrealism, Testimonial.

৫। নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে দরিদ্র মানুষের জীবন-সংগ্রাম জীবন-সংকটে পরিণত হয়েছে; এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। (১০)

**<u>অথবা</u>**

উৎসব-অনুষ্ঠানে শব্দবাজী যেন শব্দ দানবে পরিণত হয়েছে, এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। (১০)

———— × ————